



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 5th Semester Examination, 2022-23

BNGADSE02T-BENGALI (DSE1/2)



Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

একক - ১

- (ক) 'মুচিরাম গুড়ের জীবনচরিত' রচনায় মুচিরামের শৈশবের শিক্ষার্থী জীবনের পরিচয় দাও। ১০
অথবা
(খ) 'মুচিরাম গুড়ের জীবনচরিত' রচনাটিতে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সমাজবীক্ষণের যে পরিচয় মেলে তা নিজের ভাষায় লেখো। ১০

একক - ২

- (গ) 'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থে ভারতবর্ষ ও পশ্চিমের দেশগুলির মধ্যে রীতিনীতির পার্থক্য এবং তার কারণ সম্পর্কে যে তুলনামূলক আলোচনা করেছেন, 'রীতিনীতি' প্রবন্ধ অবলম্বনে তার পরিচয় দাও। ১০
অথবা
(ঘ) 'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থে স্বামী বিবেকানন্দের রসিক মনের যে পরিচয় বিবৃত, তার বিবরণ দাও। ১০

একক - ৩

- (ঙ) "কমেডির হাস্য ও ট্রাজেডির অশ্রুজল দুঃখের তারতম্যের উপর নির্ভর করে" — 'কৌতুকহাস্য' প্রবন্ধ অনুসরণে মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০
অথবা
(চ) 'পঞ্চভূত' গ্রন্থটি কী জাতীয় রচনা তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১০

একক - ৪

- (ছ) উত্তর তিরিশে পৌঁছে বুদ্ধদেব বসুর জীবনোপলব্ধির সারকথাটি 'উত্তর তিরিশ' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১০
অথবা
(জ) "রবীন্দ্রনাথের পরে বাংলা ভাষায় তিনিই প্রথম মৌলিক কবি।" — 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধে লেখক কাকে 'প্রথম মৌলিক কবি' বলেছেন? এক্ষেত্রে প্রাবন্ধিকের বিশ্লেষণ প্রবন্ধ অনুসরণে পর্যালোচনা করো। ১+৯

- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২= ১০
- (ক) যাত্রাপালায় মুচিরাম গুড়ের অভিনয়-জীবন কেমন ছিল, তা সংক্ষেপে লেখো। ৫
- (খ) তাতার জাতি সম্পর্কে বিবেকানন্দের মূল্যায়ন কী, তা সংক্ষেপে লেখো। ৫
- (গ) “.....সত্য বলিব। কিন্তু সে সত্য বানাইয়া বলিব।” — মন্তব্যটি ব্যাখ্যা করো। ৫
- (ঘ) ‘আড্ডা’ প্রবন্ধে আড্ডার যে-কোনো তিনটি বৈশিষ্ট্য প্রবন্ধ অনুসরণে আলোচনা করো। ৫

—x—

